

## প্রতিযোগিতা পরিচালনা নিয়মাবলি

শেখ রাসেল এর জন্মদিন ১৮ অক্টোবর উদযাপন উপলক্ষ্যে শিশুদের মাঝে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। দিনটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে এবছরই এ প্রতিযোগিতা প্রথমবারের মত অনুষ্ঠিত হচ্ছে। শেখ রাসেল এর চেতনায় শিশুদের উদ্বুদ্ধ করার লক্ষ্যেই এ প্রতিযোগিতার আয়োজন। শ্রেণি অনুযায়ী শিশুরা এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। তৃণমূল পর্যায়ের শিশুদের অংশগ্রহণের লক্ষ্যে এ প্রতিযোগিতা উপজেলা থেকে শুরু হয়ে পর্যায়ক্রমে জাতীয় পর্যায়ে সমাপ্ত হবে।

নিম্নবর্ণিত নিয়মাবলি অনুসরণপূর্বক প্রতিযোগিতা পরিচালিত হবে:

প্রতিযোগিতা পরিচালনার নিয়মাবলি:

উপজেলাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিশুরা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। উপজেলা/থানা পর্যায়ে প্রথম স্থান অধিকারী শিশুরা জেলা পর্যায়ে, জেলা পর্যায়ে প্রথম স্থান অধিকারী শিশুরা বিভাগীয় পর্যায়ে এবং বিভাগীয় পর্যায়ে প্রথম স্থান অধিকারী শিশুরা চূড়ান্ত (জাতীয়) পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ পাবে।

প্রতিযোগিতার বিভাগ ও বিষয়সমূহ:

রচনা প্রতিযোগিতা

‘ক’ বিভাগ : ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি, বিষয় : শেখ রাসেল আমাদের বন্ধু।

‘খ’ বিভাগ : ৯ম থেকে ১০ম শ্রেণি, বিষয় : শেখ রাসেল আমাদের ভালোবাসা।

‘ক’ বিভাগের প্রতিযোগিতায় রচনা ৫০০ শব্দের মধ্যে, ‘খ’ বিভাগের প্রতিযোগিতায় রচনা ৮০০ শব্দের মধ্যে হতে হবে।

চিত্রাংকন প্রতিযোগিতা:

‘ক’ বিভাগ : ১ম থেকে ৩য় শ্রেণি, বিষয় : উন্মুক্ত।

‘খ’ বিভাগ : ৪র্থ থেকে ৬ষ্ঠ শ্রেণি, বিষয় : খেলাধুলায় শেখ রাসেল।

‘গ’ বিভাগ : ৭ম থেকে ১০ম শ্রেণি, বিষয় : রাসেল স্বপ্নের ভূবন।

‘ঘ’ বিভাগ : বিশেষ চাহিদা সম্পন্ন শিশু, বিষয় : উন্মুক্ত।

চিত্রাংকনের সকল বিভাগের কার্টিজ পেপার এর দৈর্ঘ্য ১৬" (ষোল ইঞ্চি/৪০ সে:মি:) এবং প্রস্থ ১১" (এগার ইঞ্চি/২৮ সে:মি:) হবে।

চিত্রাংকনের মাধ্যম :- জল রং/প্যাস্টেলকালার

সময়সূচি :

ক. থানা/উপজেলা পর্যায় -১০ সেপ্টেম্বর থেকে ১১ সেপ্টেম্বর ২০২১

খ. জেলা পর্যায় -১৩ সেপ্টেম্বর থেকে ১৪ সেপ্টেম্বর ২০২১

গ. বিভাগীয় পর্যায় -১৬ সেপ্টেম্বর থেকে ১৮ সেপ্টেম্বর ২০২১


\* প্রতিযোগিতা পরিচালনার জন্য অর্থ বরাদ্দ পরবর্তীতে জানানো হবে।

\* প্রতিযোগিতা পরিচালনার নিয়মাবলি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

বিচারক প্যানেল :

প্রতিটি বিভাগে কমপক্ষে তিন সদস্যের বিচারক প্যানেল গঠন করতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞদের নিয়ে বিচারক প্যানেল গঠন করা যেতে পারে।

উপজেলা পর্যায়ের প্রতিটি বিষয়ে প্রতিটি বিভাগে ১ম স্থান অধিকারির রচনা/চিত্রাংকন টপশীটে মূল্যায়নকারী প্যানেলের স্বাক্ষর এবং উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষরসহ ১১ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে জেলা শিশু বিষয়ক কর্মকর্তার নিকট পৌঁছতে হবে।

  
২২.০৮.২০২১

একইভাবে ১৪ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে জেলা পর্যায়ের প্রতিযোগিতা শেষ করে প্রতিটি বিষয় ও প্রতিটি বিভাগে ১ম স্থান অধিকারির রচনা/চিত্রাংকন টপশীটে মূল্যায়নকারী প্যানেলের স্বাক্ষর এবং অতিরিক্ত জেলা প্রশাসক অথবা তাঁর মনোনীত কোন দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরসহ বিভাগীয় জেলা শিশু বিষয়ক কর্মকর্তার নিকট পৌঁছানো নিশ্চিত করতে হবে।

বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা শেষে ২৩ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে রচনা/চিত্রাংকন টপশীটে মূল্যায়নকারী প্যানেলের স্বাক্ষর এবং অতিরিক্ত বিভাগীয় কমিশনার অথবা তাঁর মনোনীত কোন দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরসহ মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, দোয়েল চত্বর সড়ক, শাহবাগ, ঢাকা-১০০০ বরাবর পৌঁছাতে হবে।

নির্দিষ্ট সময়সীমার পরে প্রাপ্ত কোন রচনা/চিত্রাংকন প্রতিযোগিতার কার্টিজ পেপার বিবেচনা করা হবে না।

বিঃদ্র: উপজেলা পর্যায়ে জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা আয়োজন বিষয়ক কমিটি এবং জেলা ও বিভাগীয় পর্যায়ে বাংলাদেশ শিশু একাডেমির জেলা শাখা পরিচালনা কমিটি প্রতিযোগিতার আয়োজন করবে।

২  
২২.০৮.২০২১